দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 NOV 1998
পৃষ্ঠা ৩ কলাম ৬

# প্রধানমন্ত্রী আজ শিক্ষা মন্ত্রণালয়ে যাচ্ছেন ॥ বন্যায় ক্ষয়ক্ষতির চূড়ান্ত হিসাব অবহিত করা হবে

**জনকণ্ঠ রিপোর্ট**

আজ বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সাম্প্রতিক ভয়াবহ বন্যায় সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষয়ক্ষতির চূড়ান্ত হিসাব ও বন্যাপরবর্তী পুনর্বাসন সম্পর্কে অবহিত করা হবে। প্রধানমন্ত্রী বেলা ১১টায় শিক্ষা মন্ত্রণালয়ে আসছেন।

জানা গেছে, চূড়ান্ত হিসাব অনুযায়ী বন্যায় ৫০টি জেলার ৩২৭টি থানায় ৩ হাজার ৮৬৭টি শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ছাড়াও শিক্ষা মন্ত্রণালয়ের এডিপিভুক্ত ৬টি প্রকল্প ক্ষতিগ্রস্ত হয়েছে। ৬টি প্রকল্পের মধ্যে ২টি এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) অর্থায়নে বাকি ৪টি সরকারের নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয় ইতোমধ্যে বন্যাপরবর্তী পুনর্বাসন কার্যক্রমের জন্য ৪০ কোটি টাকা বরাদ্দ করেছে। এর মধ্যে ২৫ কোটি হচ্ছে উন্নয়ন বাজেট ও বাকি ১৫ কোটি টাকা রাজস্ব বাজেট থেকে ব্যয় করা হবে। জানা গেছে, বন্যাপরবর্তী পুনর্বাসন কার্যক্রমে এশীয় উন্নয়ন ব্যাংক ৭০ লাখ ডলার সহায়তা করার কথা ইতোমধ্যে ইআরডিকে জানিয়ে দিয়েছে।

১৯৯৮-৯৯ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ থেকে ৪০ কোটি টাকা সাশ্রয় করা হয়েছে। এই সাশ্রয়কৃত অর্থ উন্নয়ন 'প্রকল্প' নামে একটি নতুন প্রকল্পে বরাদ্দ করা হবে। উল্লেখ্য, উন্নয়ন প্রকল্পটি 'একনেক' বৈঠকে অনুমোদন করা হয়েছে। ৪০ কোটি টাকার ২০ কোটি টাকা ইতোমধ্যে ছাড় করার ব্যবস্থা নেয়া হয়েছে। মূলত এই ২০ কোটি টাকা ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান মেরামতের কাজে লাগানো হবে।

এদিকে শিক্ষামন্ত্রী সম্প্রতি ৩শ' সংসদ সদস্যকে পৃথক পৃথকভাবে আধাসরকারী চিঠি দিয়েছেন। যে চিঠিতে উল্লেখ করা হয়েছে, এমপিদের জন্য বরাদ্দকৃত কাবিখা'র গম যেন স্কুল পুনর্বাসনের কাজে কিছুটা ব্যবহার করা হয়। অর্থাৎ স্কুলের সামনে রাস্তা কিংবা স্কুল মাঠ মেরামত করার জন্য কাবিখা'র কিছু অংশ সদ্ব্যবহার করার অনুরোধ জানিয়েছেন। জানা গেছে, প্রধানমন্ত্রীকে শিক্ষা মন্ত্রণালয়ের এই উদ্যোগের কথা জানানো হবে।

এ ছাড়াও বন্যায় স্কুল কলেজের পড়াশোনার ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য রোজার মাসে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার বিষয়টি প্রধানমন্ত্রীকে অবহিত করা হবে।

প্রধানমন্ত্রী মূলত শিক্ষা প্রতিষ্ঠানের বন্যাপরবর্তী কার্যক্রম নিয়ে বিস্তারিত জানতে চাইবেন বলে শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন একজন কর্মকর্তা জানিয়েছেন।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক গণশিক্ষা বিভাগের সভাকক্ষে বৈঠক করবেন।